# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ ও নামায পড়ার জায়গা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মসজিদে প্রবেশ ও বাহির হওয়ার সময় দুআ

মহানবী (ﷺ) যখন মসজিদ প্রবেশ করতেন, তখন ‘বিসমিল্লাহ্’ বলতেন এবং নিজের উপর দরুদ ও সালাম পড়তেন। অনুরুপ বের হওয়ার সময়ও পড়তেন। (ইবনে মাজাহ্, সুনান ৭৭১নং)

তিনি এই সময় নিম্নের দুআও পড়তেন,

أَعُوْذُ بِاللهِ الْعَظِيْمِ، وَبِوَجْهِهِ الْكَرِيْمِ، وَسُلْطَانِهِ الْقَدِيْمِ، مِنَ الشَّيْطَانِ الرَّجِيْمِ

উচ্চারণ:- আঊযু বিল্লা-হিল আযীম, অবিঅজ্‌হিহিল কারীম, অ সুলত্বা-নিহিল ক্বাদীম, মিনাশ শায়ত্বা-নির রাজীম।

অর্থ- আমি মহিমময় আল্লাহর নিকট এবং তার সম্মানিত চেহারা ও তাঁর প্রাচীন পরাক্রমের অসীলায় বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।

এই দুআ পড়ে মসজিদ প্রবেশ করলে শয়তান বলে, ‘সারা দিন ও আমার অনিষ্ট থেকে নিরাপত্তা লাভ করল।’ (আবূদাউদ, সুনান, মিশকাত ৭৪৯ নং)

(بِسْمِ الله)، وَالصَّلاَةُ وَالسَّلاَمُ عَلى رَسُوْلِ الله، اَللّهُمَّ افْتَحْ لِيْ أَبْوَابَ رَحْمَتِك

উচ্চারণ- বিসমিল্লা-হ্, অসসালা-তু অসসালা-মু আলা রাসূলিল্লা-হ্, আল্লা-হুম্মাফ্ তাহ্‌লী আবওয়া-বা রাহ্‌মাতিক।

অর্থ- আল্লাহর নাম নিয়ে শুরু করছি, সালাম ও দরুদ বর্ষিত হোক আল্লাহর রসূলের উপর। হে আল্লাহ! আমার জন্য তুমি তোমার করুণার দুয়ার খুলে দাও।(জামে১/৫২৮,মুসলিম, সহীহ১/৪৯৪,ইবনুস সুন্নী ৮৮)

বের হওয়ার সময় বলতেন,

(بِسْمِ الله)، وَالصَّلاَةُ وَالسَّلاَمُ عَلى رَسُوْلِ الله، اللّهُمَّ إِنِّيْ أَسْأَلُكَ مِنْ فَضْلِكَ

‘বিসমিল্লাহ্’ ও দরুদের পর এ দুআও পড়া যায়,

اَللّهُمَّ اعْصِمْنِيْ مِنَ الشَّيْطَان

উচ্চারণ:- আল্লাহুম্মা’সিমনী মিনাশ শাইত্বান।

অর্থ:- হে আল্লাহ! আমাকে শয়তান থেকে রক্ষা কর। (নাসাঈ, সুনান,হাকেম, মুস্তাদরাক, বায়হাকী, ইবনে হিব্বান, সহীহ, জামে ৫১৪নং)

আনাস (রাঃ) বলেন, ‘এক সুন্নাহ্ (নবী (ﷺ) এর তরীকা) এই যে, যখন তুমি মসজিদ প্রবেশ করবে, তখন ডান পা আগে বাড়াবে এবং যখন মসজিদ থেকে বের হবে, তখন বাম পা আগে বাড়াবে।’ (হাকেম, মুস্তাদরাক ১/২১৮)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2830

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন